নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০১৩.২২-৬৮০

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯
১৩ অক্টোবর ২০২২

# পরিপত্র-৭

**বিষয়: জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাপনা, ভোট গণনা, নির্বাচনি কাগজপত্রাদি বিভিন্ন প্যাকেটে রাখার পদ্ধতি এবং রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট ফলাফল প্রেরণ পদ্ধতি, ভোটগ্রহণের দিন বিভিন্ন তথ্য ও বেসরকারি ফলাফল সংগ্রহ ও প্রকাশ ইত্যাদি প্রসংগে**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাপনা, ভোটগণনা, ভোট পুনঃগণনা, নির্বাচনি কাগজপত্রাদি বিভিন্ন প্যাকেটে রাখার পদ্ধতি এবং রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ: ফলাফল প্রেরণ পদ্ধতি, ভোটগ্রহণের দিন প্রাথমিক তথ্যাদি সংগ্রহ, নির্বাচনি ফলাফল ঘোষণা এবং প্রকাশ ইত্যাদি বিষয় নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ব্যক্তিবর্গ এবং প্রার্থীদেরকে অবহিত করার জন্য নিম্নে উল্লেখ করা হলোঃ

১। **নির্বাচন অনুষ্ঠানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর ৫ বিধি অনুসারে নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মকর্তাগণের মধ্য হতে একজন রিটার্নিং অফিসার নিয়োগ করার বিধান রয়েছে। উক্ত বিধিতে রিটার্নিং অফিসারকে সহায়তা প্রদান করার জন্য প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত বা যে কোন স্থানীয় কর্তৃপক্ষের অধীনস্থ কর্মকর্তাগণের মধ্য হতে প্রয়োজনীয় সংখ্যক সহকারী রিটার্নিং অফিসার নিয়োগের বিধান রয়েছে। জেলা পরিষদ নির্বাচনে তফসিল ঘোষণার সময়ে নির্বাচন কমিশন রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন। বিধিমালার ৮ বিধি অনুসারে রিটার্নিং অফিসারগণ জেলা পরিষদের ভোটকেন্দ্রসমূহে ভোটগ্রহণের জন্য প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগ করবেন। নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে প্রত্যেক ভোটকেন্দ্রের জন্য একজন প্রিজাইডিং অফিসার, প্রত্যেক ভোটকক্ষের জন্য একজন সহকারী প্রিজাইডিং অফিসার ও দুইজন পোলিং অফিসার নিয়োজিত হবে। নিয়োগপত্রে এ সকল অফিসারের নাম, পদবি, ঠিকানা, মোবাইল নম্বর এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলি উল্লেখ থাকবে। ভোটগ্রহণকালে অসুস্থতা বা অন্য কোন অনিবার্য কারণে যদি কোন প্রিজাইডিং অফিসার তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনে ব্যর্থ হন, সেক্ষেত্রে সহকারী প্রিজাইডিং অফিসারদের মধ্যে যিনি প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করবেন তা রিটার্নিং অফিসার কর্তৃক নির্দিষ্ট করা থাকবে। প্রিজাইডিং অফিসারের নিয়োগপত্রে ভোটকেন্দ্রের নাম, অবস্থান, ভোটকক্ষের সংখ্যা, ভোট সংখ্যা, ভোটার এলাকার নাম ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ থাকবে। রিটার্নিং অফিসার যে কোন সময়ে যথাযথ কারণ লিপিবদ্ধ করে যে কোন প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারকে তাঁর দায়িত্ব পালন হতে বিরত থাকার আদেশ দিতে পারবেন এবং উক্তরূপ আদেশ প্রদানের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

২। **প্রিজাইডিং অফিসারদের দায়িত্ব ও কর্তব্যঃ** প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ লাভের পর পরই তাঁকে রিটার্নিং অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। তিনি যে ভোটকেন্দ্রের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োজিত হয়েছেন সে ভোটকেন্দ্রের অবস্থান, ভোটার সংখ্যা, ভোটকক্ষের সংখ্যা, ভোটার এলাকার নামসমূহ সংগ্রহ করবেন এবং ভোট কেন্দ্রটি পরিদর্শন করে কর্ম পরিকল্পনা ঠিক করবেন।

৩। **ভোটকেন্দ্রের ব্যবস্থাপনাঃ** নিয়োগপত্র প্রাপ্তির পর, যত তাড়াতাড়ি সম্ভব প্রিজাইডিং অফিসার তাঁর সকল সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারদের সাথে মিলিত হয়ে একসঙ্গে ভোটকেন্দ্র পরিদর্শন করবেন। প্রতিটি ভোটকেন্দ্র প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারদের নিয়োগপত্রে উল্লিখিত সংখ্যক ভোটকক্ষে বিভক্ত থাকবে। প্রত্যেক ভোটকেন্দ্রে একজন প্রিজাইডিং অফিসার নিয়োজিত থাকবে। প্রতিটি ভোটকক্ষে একজন সহকারী প্রিজাইডিং অফিসার ও দুইজন পোলিং অফিসার এবং প্রত্যেক প্রার্থীর একজন করে পোলিং এজেন্টের বসার ব্যবস্থা থাকবে। এছাড়া ভোটাররা যাতে গোপনে ব্যালট পেপার চিহ্নিত করতে পারেন সেজন্য পর্দাঘেরা ভোটদান উপকক্ষেরও ব্যবস্থা করতে হবে। যেখানে স্কুল, কলেজ বা মাদ্রাসায় ভোটকেন্দ্র স্থাপন করা হবে, সেখানে পৃথক পৃথক কামরায় ভোটকক্ষ স্থাপন করতে হবে। ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসারের সর্বময় নিয়ন্ত্রণ ও তদারক সাপেক্ষে সহকারী প্রিজাইডিং অফিসার ভোটকক্ষে ভোটগ্রহণের সকল দায়িত্ব পালন করবেন। ভোটকেন্দ্রে পুরুষ ও মহিলা ভোটারদের জন্য ভিন্ন ভিন্ন প্রবেশ ও প্রস্থানের পথও থাকবে। পুরুষ ও মহিলা ভোটারদের জন্য পৃথক পৃথক ভোটকক্ষের ব্যবস্থা করতে হবে। প্রত্যেক ভোটকেন্দ্রের চতুষ্পার্শ্বে বেষ্টনী থাকবে। ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত স্থাপনার চারিদিকের দেওয়াল বেষ্টনী হিসেবে গণ্য করা যেতে পারে। যেখানে অনুরূপ দেয়াল নেই সেখানে বাঁশের খুঁটি পুঁতে মোটা রশি দ্বারা বেষ্টনী প্রস্তুত করা যেতে পারে। ভোটদানের ব্যালট পেপার চিহ্নিত করার সময় যেন কেউ দেখতে না পায়। গোপন ব্যালট পেপার চিহ্নিত করার স্থানের আশেপাশে কোন জানালা উন্মুক্ত থাকলে কিংবা দেওয়াল বা বেড়া ভগ্ন থাকলে তা বন্ধ করে দিতে হবে।



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৪। **ভোটগ্রহণের ব্যবস্থাকরণঃ** ভোটকেন্দ্র পরিদর্শনকালে প্রিজাইডিং অফিসার তাঁর সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারদের সাথে আলোচনাক্রমে ভোটগ্রহণের সকল ব্যবস্থা চূড়ান্ত করবেন। ভোটকেন্দ্র প্রস্তুতকরণের ব্যয় নির্বাহের জন্য রিটার্নিং অফিসার প্রয়োজনীয় অর্থ প্রদান করবেন।

৫। **ভোটগ্রহণকারী কর্মকর্তা ও অন্যান্যদের ভোটকেন্দ্রে অবস্থান বাধ্যতামূলক না করা এবং অন্যান্য করণীয়:** রিটার্নিং অফিসার প্রত্যেক ভোটকেন্দ্রের দূরত্ব ও অবস্থান বিবেচনা করে প্রিজাইডিং অফিসারগণকে ইভিএম কন্ট্রোল ইউনিট, ব্যালট ইউনিট ও অন্যান্য নির্বাচনি দ্রব্যাদি এমনভাবে বিতরণ করবেন যাতে উল্লিখিত দ্রব্যাদি নিয়ে প্রিজাইডিং অফিসার ও অন্যান্য ভোটগ্রহণ কর্মকর্তা এবং ভোটকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত আইনশৃঙ্খলা বাহিনীর ইনচার্জ ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যগণ রিটার্নিং অফিসার কর্তৃক নির্ধারিত স্থাপনায় নিরাপত্তা সহকারে অবস্থান করবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ভোটগ্রহণের পূর্ব রাতে ভোটকেন্দ্রে অবস্থান বাধ্যতামূলক নয়। ভোটগ্রহণের পূর্বরাতে ব্যালট পেপারসহ স্পর্শকাতর নির্বাচনি দ্রব্যাদি থানায় নিরাপদ হেফাজতে রাখার ব্যবস্থা করতে হবে। তবে যেখানেই অবস্থান-করুক না কেন, ভোটগ্রহণের দিন প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণ কর্মকর্তা ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যগণের ভোটকেন্দ্রে উপস্থিতি নিশ্চিত করে ব্যালট পেপার ও অন্যান্য নির্বাচনি দ্রব্যাদি সকাল ৭.০০ মি. এর মধ্যে ভোটগ্রহণের জন্য প্রস্তুত রাখবেন। দূরবর্তী কেন্দ্রগুলোতে ইভিএম মেশিন ও অন্যান্য দ্রব্যাদি যাতে যথাসময়ে পৌঁছানো যায় তা নিশ্চিত করণার্থে ভোটকেন্দ্রের দূরত্ব ও যোগাযোগ ব্যবস্থার প্রতি অবশ্যই লক্ষ্য রাখতে হবে। তাছাড়া রাতে অবস্থানকালে ভোটগ্রহণ কর্মকর্তা ও নির্বাচনি দ্রব্যাদির নিরাপত্তার জন্য প্রয়োজনে অতিরিক্ত নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই যেন কোন ভোটগ্রহণ কর্মকর্তা প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনি এজেন্ট অথবা সমর্থকদের নিকট হতে আহারাদি বা অন্য কোন সুবিধা গ্রহণ করতে না পারেন তার জন্য বিশেষ দৃষ্টি দিতে হবে। এ ধরনের সুবিধা গ্রহণ আইনত দন্ডনীয়।

৬। **ভোটগ্রহণের দিন ও সময়ঃ** রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনের নির্দেশ সাপেক্ষে, ভোটগ্রহণের সময়সূচি নির্ধারণ করবেন এবং উক্ত সময়সূচি সম্পর্কে তার বিবেচনায় উপযুক্ত পদ্ধতিতে সংশ্লিষ্ট ভোটারদের জানাবেন (বিধি ২৭)। উল্লেখ্য যে, জেলা পরিষদ নির্বাচনে তফসিল ঘোষণাকালে **ভোটগ্রহণের সময় সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত** এ বিষয়টি ব্যাপকভাবে প্রচার করতে হবে।

৭। **ভোটগ্রহণের দিন ভোটগ্রহণ কর্মকর্তাদের খাওয়ার ব্যবস্থাঃ** ভোটগ্রহণের দিন ভোটগ্রহণ কর্মকর্তাগণকে কর্মস্থলেই কাজের ফাঁকে ফাঁকে পর্যায়ক্রমে খাওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিশেষভাবে প্রণিধানযোগ্য যে, খাওয়ার কারণে কোন অবস্থাতেই ভোটগ্রহণ বন্ধ রাখা চলবে না। ভোটগ্রহণ বিরতিহীনভাবে চলবে।

৮। **একই সাথে চেয়ারম্যান এবং সদস্য পদে নির্বাচন অনুষ্ঠান:** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ২৬ এর বিধান অনুসারে বিধি ১০ এর উপবিধি (১) এর দফা (ঘ) এর অধীন ভোটগ্রহণের নির্ধারিত তারিখে একই সংগে চেয়ারম্যান এবং সদস্য পদ সমূহের নির্বাচন অনুষ্ঠিত হবে।

৯। **ভোটকেন্দ্রে ভোট গণনাঃ** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর ৩৯ বিধির (২) উপবিধি অনুসারে প্রিজাইডিং অফিসার প্রয়োজনে স্বীয় উদ্যোগে অথবা গণনার সময় উপস্থিত কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা কোন নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টের সুনির্দিষ্ট লিখিত আবেদনের প্রেক্ষিতে, যদি প্রিজাইডিং অফিসারের নিকট আবেদনটি যুক্তযুক্ত বলে বিবেচিত হয় তবে তিনি ভোট পুনঃগণনা করতে পারবেন।

১০। **ভোট পুনঃগণনাঃ** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর ৩৯ বিধির (২) উপবিধি অনুসারে প্রিজাইডিং অফিসার প্রয়োজনে স্বীয় উদ্যোগে অথবা গণনার সময় উপস্থিত কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা কোন নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টের সুনির্দিষ্ট লিখিত আবেদনের প্রেক্ষিতে, যদি প্রিজাইডিং অফিসারের নিকট আবেদনটি যুক্তিযুক্ত বলে বিবেচিত হয় তবে তিনি ভোট পুনঃগণনা করতে পারবেন।

১১। **ভোট গণনার ফলাফল সম্বলিত বিবরণী প্রস্তুতকরণ:** প্রিজাইডিং অফিসার "ফরম-ঞ" তে চেয়ারম্যান পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোটগণনার বিবরণী প্রস্তুত করবেন। অনুরূপভাবে "ফরম ঞ-১" তে সংরক্ষিত আসনের মহিলা সদস্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোটগণনার বিবরণী এবং "ফরম ঞ-২" তে সদস্য পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোট গণনার বিবরণী প্রস্তুত করবেন। উল্লিখিত ভোট গণনার বিবরণীতে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে প্রদত্ত বৈধ ভোটের সংখ্যা **অংকে ও কথায়** লিখতে হবে।

১২। **ভোটগণনার বিবরণী সরবরাহঃ** প্রিজাইডিং অফিসারকে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁর নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্টকে ভোট গণনার বিবরণী প্রদান করতে হবে। উপস্থিত কেহ তা গ্রহণ করতে অসম্মতি জ্ঞাপন করলে প্রিজাইডিং অফিসার তা রেকর্ড করে রাখবেন। এজন্য "ফরম-ঞ, ফরম ঞ-১ ও ফরম ঞ-২" এ প্রস্তুতকৃত বিবরণীর পর্যাপ্ত সংখ্যক কপি প্রস্তুত করতে হবে।

১৩। **নির্বাচনি কাগজপত্রাদি বিভিন্ন প্যাকেটে রাখার পদ্ধতিঃ** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ অনুসারে প্রিজাইডিং অফিসার চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের কাগজপত্রাদি পৃথক পৃথক প্যাকেটে রাখতে হবে।

১৪। **ভোট গণনার ফলাফল বিবরণীর অতিরিক্ত কপি করাঃ** প্রিজাইডিং অফিসারগণ ফরম ঞ, ঞ-১ ও ঞ-২ তে ভোটগণনার বিবরণীর অতিরিক্ত সংখ্যক কপি করবেন। উল্লিখিত বিবরণীর এক বা একাধিক কপি নিম্নরূপভাবে সংরক্ষণ করবেন:

ক) নির্ধারিত গানিব্যাগে অন্যান্য কাগজপত্রের সাথে এক কপি;
খ) অফিস কপি হিসেবে নিজের কাছে এক কপি;

গ) প্রাথমিক ফলাফলের জন্য রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারকে প্রদানের জন্য দুই কপি; এবং

ঘ) ভোটকেন্দ্রে টাংগানোর জন্য এক কপি।

তাছাড়া প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টকে প্রদানের জন্য ভোটগণনার একাধিক কপি করার প্রয়োজন হবে।

১৫। **বিবরণীতে প্রার্থী বা অন্যদের দস্তখত নেওয়া:** যদি উপস্থিত কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্ট কোন বিবরণী অথবা প্যাকেটে দস্তখত ও সিল প্রদানে ইচ্ছা প্রকাশ করেন, তবে তাকে দস্তখত/সিল প্রদানের সুযোগ দিতে হবে।

১৬। **নির্বাচনি কাগজপত্রাদি রিটার্নিং অফিসারের নিকট প্রেরণঃ** ভোট গণনার কাজ শেষ হবার পর প্রিজাইডিং অফিসার প্রাপ্ত চটের থলিতে সমস্ত প্যাকেট, দলিল-পত্রাদি ভর্তি করে তা সিলগালা করবেন। অতঃপর পর্যাপ্ত পুলিশ প্রহারাধীনে যত তাড়াতাড়ি সম্ভব রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট হস্তান্তর করবেন। সিলমোহরকৃত চটের থলি ভোটকেন্দ্র হতে প্রেরণের পূর্বে ভোটকেন্দ্রের নম্বর ও নাম লিখিত কাগজ এঁটে দিতে হবে।

১৭। **ফলাফল সংগ্রহ ও প্রেরণ:** ভোটগণনার বিবরণী ও তথ্য নিম্নলিখিতভাবে সংগ্রহ ও প্রেরণ এবং সর্বশেষ নির্বাচন কমিশন সচিবালয়ে বেসরকারি প্রাথমিক ফলাফল প্রেরণ করতে হবে:

(ক) প্রিজাইডিং অফিসারগণ ভোটকেন্দ্র হতে ভোটগণনার বিবরণী রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবেন;

(খ) রিটানিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার জেলা নির্বাচন অফিস/উপজেলা নির্বাচন অফিস এর ইন্ট্রানেট ব্যবহার করে নির্বাচন কমিশন সচিবালয়ে স্ক্যানকৃত চূড়ান্ত বার্তাসিট প্রেরণ করবেন। এ লক্ষ্যে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের অনুকূলে প্রদত্ত ভোটসংখ্যা ও অন্যান্য তথ্য সম্বলিত বার্তা শিট **(পরিশিষ্ট-ক)** এবং পরে ক্রমান্বয়ে সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে সর্বাধিক ভোটপ্রাপ্ত ও নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসেবে দু'জনের অনুকূলে প্রদত্ত ভোটের সংখ্যা ও অন্যান্য সম্বলিত বার্তা শিট **(পরিশিষ্ট-খ ও পরিশিষ্ট-গ)** প্রেরণ করতে হবে। সর্বশেষে সকল সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে একত্রে শুধু সর্বাধিক ভোটপ্রাপ্তদের তথ্য সম্বলিত বার্তা শিট **(পরিশিষ্ট-ঘ)** প্রেরণ করতে হবে। নির্বাচন কমিশন সচিবালয়ে চূড়ান্ত বার্তাসিট গ্রহণের জন্য বিভিন্ন কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা হয়েছে। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট-ঙ** এ সংযুক্ত করা হল।

১৮। **ফলাফল ও বিভিন্ন তথ্যাদি প্রেরণে করণীয়:** প্রিজাইডিং অফিসার ভোট গণনা শেষ হবার সংগে সংগে সার্বিক অবস্থা ও ফলাফল সম্পর্কে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে অবহিত করবেন। প্রিজাইডিং অফিসার ভোট গণনা শেষ হওয়ার সাথে সাথেই প্রয়োজনীয় বিবরণী প্রস্তুত এবং বিভিন্ন প্যাকেটে ভর্তিকরত কাল বিলম্ব না করে ফলাফল রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট পৌঁছে দিবেন। রিটার্নিং অফিসার কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্রের ফলাফল ঘোষণা না করা পর্যন্ত প্রিজাইডিং অফিসার রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের অফিসে অবস্থান করবেন।

১৯। **নির্বাচন কমিশন সচিবালয়ে তথ্য প্রেরণঃ** রিটার্নিং অফিসারগণ প্রিজাইডিং অফিসারগণের নিকট হতে সার্বিক অবস্থা সম্পর্কিত রিপোর্ট সংগ্রহ করবেন এবং সংশ্লিষ্টদের জানাবেন। কোন ভোটকেন্দ্র স্থগিত হলে সাথে সাথে নির্বাচন কমিশনকে জানাতে হবে। তাছাড়া তিনি প্রিজাইডিং অফিসারগণের নিকট হতে নির্বাচনি ফলাফল গ্রহণ করবেন। অতঃপর তাৎক্ষণিকভাবে চেয়ারম্যান পদের জন্য প্রাপ্ত কেন্দ্রভিত্তিক ফলাফলের বিবরণী অনানুষ্ঠানিকভাবে একীভূত (Compile) করে নির্বাচন কমিশনকে জানাবেন।

২০। **Result Management Software-RMS এর মাধ্যমে ফলাফল প্রেরণঃ** দ্রুত ও নির্ভুলভাবে নির্বাচনের ফলাফল তৈরি ও প্রকাশের জন্য জাতীয় সংসদ নির্বাচন, উপজেলা পরিষদ নির্বাচন, পৌরসভা ও সিটি কর্পোরেশন নির্বাচন এবং সর্বশেষ অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচনে Result Management Software-RMS ব্যবহার করা হয়েছে। তবে জেলা পরিষদ নির্বাচনে RMS ব্যবহার করে ফলাফল সংগ্রহ করা সম্ভব নাও হতে পারে। সেক্ষেত্রে ভোটগ্রহণের দিন ভোটগণনার প্রাপ্তির পরপরই দ্রুতগতিতে প্রাথমিক বেসরকারি ফলাফল নির্বাচন কমিশনে প্রেরণের জন্য উপজেলা নির্বাচন অফিস ও জেলা নির্বাচন অফিসের ইন্ট্রানেট ব্যবহার করতে হবে। এ লক্ষ্যে এতদ্‌সংগে সংযুক্ত পরিশিষ্ট-ক এর নমুনায় চেয়ারম্যান পদে বেসরকারি প্রাথমিক ফলাফলের চূড়ান্ত বার্তাসিট Scan (স্ক্যান) করে তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে। অনুরূপভাবে পরিশিষ্ট-খ ও গ এর নমুনায় সংরক্ষিত মহিলা সদস্য পদে এবং সাধারণ সদস্য পদের বেসরকারি প্রাথমিক ফলাফলের চূড়ান্ত বার্তা শিট Scan (স্ক্যান) করে তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে। তাছাড়া সবশেষে পরিশিষ্ট-গ এর নমুনায় সকল সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে একত্রে বেসরকারি প্রাথমিক ফলাফলের বার্তা শিট Scan (স্ক্যান) করে ইন্ট্রানেটে প্রেরণ করতে হবে। ইন্ট্রানেটে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের একাউন্ট নম্বর এতদ্‌সংগে সংযুক্ত করা হল (পরিশিষ্ট-ঙ)।

২১। **ফলাফল একীভূতকরণ ও নির্বাচিত ঘোষণা:** চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য পদের ''ফরম-ঞ, ফরম ঞ-১ ও ফরম ঞ-২''-তে প্রস্তুতকৃত ভোট গণনার বিবরণী সকল ভোটকেন্দ্র হতে পাবার পর পরই রিটার্নিং অফিসার ভোট গণনার ফলাফল একীভূতকরণের জন্য ধার্যকৃত সময়ে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্টদের সম্মুখে ইউনিয়ন পরিষদের প্রত্যেকটি ভোটকেন্দ্র হতে প্রত্যেক প্রার্থীর অনুকূলে বৈধ ভোট নির্ধারিত ''ফরম-ঠ, ফরম-ঠ-১ ও ফরম-ঠ-২''-তে একীভূত করবেন এবং যে প্রার্থীর অনুকূলে সর্বোচ্চ ভোট প্রদত্ত হবে তাঁকে নির্বাচিত ঘোষণা করবেন।

২২। **সমভোট প্রাপ্তির ক্ষেত্রে লটারি:** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৪১ এ উপবিধি (৬) অনুসারে চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য, সদস্য নির্বাচনের ক্ষেত্রে, ভোট গণনার ফলাফল একত্রীকরণের পর যদি দেখা যায় যে, দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী সমভোট প্রাপ্ত হয়েছেন, সেক্ষেত্রে রিটার্নিং অফিসার **লটারির মাধ্যমে ফলাফল নির্ধারণ করবেন।** লটারি যে প্রার্থীর অনুকূলে পড়বে তিনি সর্বোচ্চ ভোট প্রাপ্ত হয়েছেন বলে গণ্য হবেন এবং রিটার্নিং অফিসার তাকে নির্বাচিত ঘোষণা করবেন। উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাদের নির্বাচনি এজেন্টের সামনে, যদি উপস্থিত থাকেন, লটারি করতে হবে। রিটার্নিং অফিসার লটারির সম্পূর্ণ কার্যক্রম লিপিবদ্ধ করে একটি কার্যবিবরণী প্রস্তুত করবেন এবং কার্যবিবরণীতে স্বাক্ষর প্রদানে ইচ্ছুক উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা নির্বাচনি এজেন্টের স্বাক্ষর গ্রহণ করবেন।

২৩। **নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা, তালিকা প্রস্তুত ও এর সত্যায়িত কপি সরবরাহঃ**

(ক) ফলাফল গণবিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ: জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৪২ এর বিধান অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক ফলাফল একীভূতকরণের পর যে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে সর্বাধিক সংখ্যক ভোট প্রদত্ত হবে তাকে নির্বাচিত ঘোষণা করতে হবে। উল্লিখিত গণনার ফলাফল প্রাপ্তির পর রিটার্নিং অফিসার তা গণবিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করবেন। উক্ত গণবিজ্ঞপ্তিতে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও ফলাফল একীভূতকরণের ফলে প্রাপ্ত ভোট ভোটের সংখ্যা সুস্পষ্টভাবে অংকে ও কথায় উল্লেখ থাকতে হবে।

(খ) নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রস্তুত: ফলাফল একীভূতকরণ ও গণবিজ্ঞপ্তি প্রকাশের পর রিটার্নিং অফিসার ফরম-ড এ চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সদস্য পদে নির্বাচিত ঘোষিত প্রার্থীগণের তালিকা প্রস্তুত করবেন।

(গ) ফলাফল একীভূত বিবরণীর সত্যায়িত অনুলিপি সরবরাহ: প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁর নির্বাচনি এজেন্ট অথবা পোলিং এজেন্ট রিটার্নিং অফিসারের নিকট হতে ফলাফল একত্রীকরণ বিবরণী পাবেন। রিটার্নিং অফিসার জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৪২ এর উপবিধি (৬) অনুসারে ''ফরম-ঠ, ফরম-ঠ-১ এবং ফরম-ঠ-২''-তে প্রস্তুতকৃত বিবরণী তাঁদের নিকট সরবরাহ করবেন। উল্লিখিত ফরমসমূহের পর্যাপ্ত সংখ্যক কপি রিটার্নিং অফিসার নমুনা অনুসারে কম্পিউটারে প্রস্তুত করে সরবরাহ করবেন।

২৪। **নির্বাচন কমিশনে একত্রীকরণ বিবরণী ও নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রেরণ:** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৪২ এর উপবিধি (৪) অনুসারে রিটার্নিং অফিসার ফলাফল একীভূত করে নির্বাচিত ঘোষণা ও গণবিজ্ঞপ্তি প্রকাশের পর অবিলম্বে নির্বাচন কমিশনের নিকট একত্রীকরণ বিবরণীসহ নির্বাচিত প্রার্থীদের একটি তালিকা দাখিল করবেন। এ লক্ষ্যে রিটার্নিং অফিসারকে বিশেষ বাহক মারফত দুই প্রস্থ উল্লিখিত বিবরণী নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে।

২৫। **নির্বাচনি ফলাফল গেজেটে প্রকাশ:** জেলা পরিষদ চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্যপদে বিধি ২১ এর অধীন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষিত এবং ফলাফল একীভূতকরণে নির্বাচিত ঘোষিত প্রার্থীদের নাম, ঠিকানা সম্বলিত ''ফরম ড'' এ প্রস্তুতকৃত তালিকা নির্বাচন কমিশন বিধি ৪৩ অনুসারে সরকারি গেজেটে প্রকাশ করবেন।

২৬। **প্রাপ্তি স্বীকারঃ** এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হল।

১৩/১০/২০২২

সংলগ্নী: উপরে বর্ণিত

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: ecsemc2@gmail.com

বিতরণ:

১। জেলা প্রশাসক, ............................ (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...........(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৪। অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৫। উপজেলা নির্বাহী অফিসার, ............................ (সংশ্লিষ্ট)
৬। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৭। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ............................ (সংশ্লিষ্ট)

১৭.০০.০০০০.০৭৯.৩৯.০১৩.২২-৬৮০

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯ / ১৩ অক্টোবর ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ............................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা
৬. সচিব, ............................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ............................ (সকল) বিভাগ
১২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার............................ (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৩. পুলিশ কমিশনার, ............................ (সংশ্লিষ্ট)
১৪. মহাপরিচালক (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................ (সকল)
২০. পুলিশ সুপার, ............................ (সংশ্লিষ্ট)
২১. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ............................ (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৬. অফিসার-ইন-চার্জ, ............................................ (সংশ্লিষ্ট) থানা।

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

পরিশিষ্ট-'ক'

জেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২২

# চেয়ারম্যান পদে বেসরকারী প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

**বার্তা নং- চূড়ান্ত**

জেলার নামঃ

ভোটগ্রহণের তারিখঃ

মোট ভোটারের সংখ্যাঃ

মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | প্রতিদ্বন্দ্বী চেয়ারম্যান প্রার্থীর নাম (বাংলা ভাষার বর্ণানুক্রমে) | | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| **মোট** | | | | | |

| | | |
|---|---|---|
| মোট বৈধ ভোটের সংখ্যাঃ | | |
| অবৈধ (বাতিলকৃত) ভোটের সংখ্যাঃ | | |
| সর্বমোট প্রদত্ত ভোটের সংখ্যাঃ | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|
| নাম: | নাম: |
| পদবি: | পদবি: |
| | সময়: |

পরিশিষ্ট-'খ'

জেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২২

# সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে বেসরকারি প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

**বার্তা নং- চূড়ান্ত**

জেলার নামঃ

ভোটগ্রহণের তারিখঃ

মোট ভোটারের সংখ্যাঃ

মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | সংরক্ষিত আসন নম্বর | সর্বাধিক ভোটপ্রাপ্ত ও নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসাবে সংরক্ষিত আসনের মহিলা সদস্য প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|

নাম:

পদবি:

নাম:

পদবি:

সময়:

পরিশিষ্ট-'গ'

জেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২২

# সদস্য পদে বেসরকারি প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

**বার্তা নং- চূড়ান্ত**

জেলার নামঃ

ভোটগ্রহণের তারিখঃ

মোট ভোটারের সংখ্যাঃ

মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | ওয়ার্ড নম্বর | সর্বাধিক ভোটপ্রাপ্ত ও নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসাবে সদস্য পদে প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|

নাম:

পদবি:

নাম:

পদবি:

সময়:

G:\Circular\Zilla Parishad Circular\ZP_PORIPATRA-7-2021.doc

**পরিশিষ্ট-'ঘ'**

**জেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২২**

# সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে এবং সদস্য পদে বেসরকারি প্রাথমিক ফলাফল

বার্তা প্রেরণ ও গ্রহণ শিট

**বার্তা নং- চূড়ান্ত**

জেলার নামঃ

ভোটগ্রহণের তারিখঃ

মোট ভোটারের সংখ্যাঃ

মোট ভোটকেন্দ্রের সংখ্যাঃ

ফলাফল প্রাপ্ত ভোটকেন্দ্রের সংখ্যাঃ

| ক্রমিক | সংরক্ষিত/ সাধারণ ওয়ার্ড নম্বর | সর্বাধিক ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বী হিসাবে সংরক্ষিত আসনের মহিলা সদস্য ও সদস্য প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | প্রাপ্ত ভোটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | সং-১ | | | | |
| | সং-২ | | | | |
| | সং-৩ | | | | |
| | সং-৪ | | | | |
| | সং-৫ | | | | |
| | সা-১ | | | | |
| | সা-২ | | | | |
| | সা-৩ | | | | |
| | সা-৪ | | | | |
| | সা-৫ | | | | |
| | সা-৬ | | | | |
| | সা-৭ | | | | |
| | সা-৮ | | | | |
| | সা-৯ | | | | |
| | সা-১০ | | | | |
| | সা-১১ | | | | |
| | সা-১২ | | | | |

স্থগিত ভোটকেন্দ্রের সংখ্যা (যদি থাকে):

স্থগিত ভোটকেন্দ্রের ভোটার সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে):

| রিটার্নিং অফিসারের ফলাফল সংগ্রহ ও পরিবেশন কেন্দ্র থেকে ফলাফল প্রদানকারীর নাম ও পদবি: | নির্বাচন কমিশন সচিবালয়ে ফলাফল সংগ্রহকারীর নাম ও পদবি: |
|---|---|

নাম:

পদবি:

নাম:

পদবি:

সময়:

পরিশিষ্ট-'ঙ'

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং ১৭.০০.০০০০.০১৫.১৮.০৬৮.২০-৫১৮ তারিখঃ ২২ সেপ্টেম্বর, ২০২২

## অফিস আদেশ

নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৫৭৮, তারিখ: ৩১ আগস্ট ২০২২ এর মাধ্যমে আগামী ১৭ অক্টোবর ২০২২ তারিখে দেশের ৬১টি জেলা পরিষদের নির্বাচনের সময়সূচি ঘোষণা করা হয়েছে। ঘোষিত জেলা পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের নিম্নোক্ত কর্মকর্তাদের মধ্যে দায়িত্ববন্টন করা হলো:

| ক্রম | জেলার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | কাজের বিবরণ |
|---|---|---|---|
| ১. | পঞ্চগড় | জনাব মোহাম্মদ মাসুদুল হক<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট ও ফাইন্যান্স)<br>নির্বাচন কমিশন সচিবালয় | (ক) ভোটকেন্দ্র সম্পর্কিত প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির জন্য উপস্থাপন;<br>(খ) আচরণ বিধি ভঙ্গ ও অন্যান্য অভিযোগ নিষ্পত্তির জন্য উপস্থাপন;<br>(গ) মনোনয়নপত্র দাখিল হতে বার্তা সিট প্রেরণ পর্যন্ত সকল কার্যাবলি;<br>(ঘ) রিটার্নিং অফিসার হতে প্রাপ্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকায় নাম বাংলা বর্ণনানুক্রমিক হয়েছে কিনা তা যাচাই করে ইভিএম এর ব্যালট ইউনিট যাচাই এবং জেলা পর্যায়ে প্রেরণের উপযোগীকরণ;<br>(ঙ) ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে দায়িত্ব পালনের অনুরূপ সকল কার্যাবলি;<br>(চ) দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা অভিযোগ/ মামলা/অন্যান্য বিষয়ে নথি উপস্থাপনসহ সমুদয় কার্যক্রম ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রদত্ত নির্দেশনার ন্যায় গ্রহণ করবেন। |
| ২. | ঠাকুরগাঁও | | |
| ৩. | দিনাজপুর | | |
| ৪. | নীলফামারী | | |
| ৫. | লালমনিরহাট | | |
| ৬. | রংপুর | জনাব আবু নাসের মোঃ মানসুর হেল্লাজ<br>সহকারী প্রোগ্রামার<br>নির্বাচন কমিশন সচিবালয় | |
| ৭. | কুড়িগ্রাম | | |
| ৮. | গাইবান্ধা | | |
| ৯. | জয়পুরহাট | | |
| ১০. | বগুড়া | | |
| ১১. | চাঁপাইনবাবগঞ্জ | জনাব মোহাম্মদ নুরুল হাসান ভূঞা<br>সিনিয়র সহকারী সচিব (প্রশিক্ষণ ও সক্ষমতা)<br>নির্বাচন কমিশন সচিবালয় | |
| ১২. | নওগাঁ | | |
| ১৩. | রাজশাহী | | |
| ১৪. | নাটোর | | |
| ১৫. | সিরাজগঞ্জ | | |
| ১৬. | পাবনা | জনাব ইকবাল হোসেন<br>পরিচালক (চলতি দায়িত্ব) (জাতীয় পরিচয়পত্র সেবা)<br>জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ | |
| ১৭. | মেহেরপুর | | |
| ১৮. | কুষ্টিয়া | | |
| ১৯. | চুয়াডাঙ্গা | | |
| ২০. | ঝিনাইদহ | | |
| ২১. | যশোর | জনাব মোঃ শাহ আলম<br>উপসচিব (চলতি দায়িত্ব) (সংস্থাপন-২)<br>নির্বাচন কমিশন সচিবালয় | |
| ২২. | মাগুরা | | |
| ২৩. | নড়াইল | | |
| ২৪. | বাগেরহাট | | |
| ২৫. | খুলনা | | |
| ২৬. | সাতক্ষীরা | | |
| ২৭. | বরগুনা | জনাব মোঃ মিজানুর রহমান<br>উপসচিব (চলতি দায়িত্ব) (নির্বাচন প্রশাসন)<br>নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | **সমন্বয়ক**<br>উপরিল্লিখিত ক হতে চ এবং জেলা পরিষদ নির্বাচনের মনোনয়নপত্র দাখিল, বাছাই, আপিল গ্রহণ, আপিল বাতিল, মনোনয়নপত্র প্রত্যাহারের তথ্য একত্রীকরণ, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ হতে একীভূত করে বার্তাশীটসহ Soft copy ও Hard copy পাওয়ার পর তথ্য একীভূতকরণ, পরিস্থিতি প্রতিবেদন সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য একীভূতকরণ ও মাননীয় কমিশনে উপস্থাপন এবং এতদ্‌বিষয়ক কার্যক্রম |
| ২৮. | পটুয়াখালী | | |
| ২৯. | ভোলা | | |
| ৩০. | বরিশাল | | |
| ৩১. | ঝালকাঠি | | |
| ৩২. | পিরোজপুর | | |

(অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য)

অফিসের ঠিকানাঃ
D:\Office Order (Election)\Office order.doc
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

| | | | |
|---|---|---|---|
| ৩৩. | টাংগাইল | জনাব মোঃ মমতাজ-আল-শিবলী<br>সহকারী সচিব (সাধারণ সেবা-১)<br>নির্বাচন কমিশন সচিবালয় | (ক) ভোটকেন্দ্র সম্পর্কিত প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির জন্য উপস্থাপন;<br>(খ) আচরণ বিধি ভঙ্গ ও অন্যান্য অভিযোগ নিষ্পত্তির জন্য উপস্থাপন;<br>(গ) মনোনয়নপত্র দাখিল হতে বার্তা সিট প্রেরণ পর্যন্ত সকল কার্যাবলি;<br>(ঘ) রিটার্নিং অফিসার হতে প্রাপ্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকায় নাম বাংলা বর্ণানুক্রমিক হয়েছে কিনা তা যাচাই করে ইভিএম এর ব্যালট ইউনিট যাচাই এবং জেলা পর্যায়ে প্রেরণের উপযোগীকরণ;<br>(ঙ) ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে দায়িত্ব পালনের অনুরূপ সকল কার্যাবলি;<br>(চ) দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা অভিযোগ/ মামলা/অন্যান্য বিষয়ে নথি উপস্থাপনসহ সমুদয় কার্যক্রম ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রদত্ত নির্দেশনার ন্যায় গ্রহণ করবেন। |
| ৩৪. | জামালপুর | | |
| ৩৫. | শেরপুর | | |
| ৩৬. | ময়মনসিংহ | | |
| ৩৭. | নেত্রকোনা | | |
| ৩৮. | কিশোরগঞ্জ | | |
| ৩৯. | মানিকগঞ্জ | জনাব মোহাম্মদ আশফাকুর রহমান<br>সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২)<br>নির্বাচন কমিশন সচিবালয় | |
| ৪০. | মুন্সীগঞ্জ | | |
| ৪১. | ঢাকা | | |
| ৪২. | গাজীপুর | | |
| ৪৩. | নরসিংদী | | |
| ৪৪. | নারায়ণগঞ্জ | | |
| ৪৫. | রাজবাড়ী | জনাব আরিফা বেগম<br>সহকারী সচিব (নিরীক্ষা)<br>নির্বাচন কমিশন সচিবালয় | |
| ৪৬. | ফরিদপুর | | |
| ৪৭. | গোপালগঞ্জ | | |
| ৪৮. | মাদারীপুর | | |
| ৪৯. | শরীয়তপুর | | |
| ৫০. | সুনামগঞ্জ | জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রন)<br>নির্বাচন কমিশন সচিবালয় | |
| ৫১. | সিলেট | | |
| ৫২. | মৌলভীবাজার | | |
| ৫৩. | হবিগঞ্জ | | |
| ৫৪. | ব্রাহ্মণবাড়িয়া | জনাব মুহাঃ সরওয়ার হোসেন<br>সহকারী পরিচালক (সঠিকতা যাচাইকরণ)<br>জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ | |
| ৫৫. | কুমিল্লা | | |
| ৫৬. | চাঁদপুর | | |
| ৫৭. | ফেনী | | |
| ৫৮. | নোয়াখালী | জনাব নুর নাহার ইসলাম<br>সহকারী সচিব (শৃঙ্খলা)<br>নির্বাচন কমিশন সচিবালয় | |
| ৫৯. | লক্ষ্মীপুর | | |
| ৬০. | চট্টগ্রাম | | |
| ৬১. | কক্সবাজার | | |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জ.ব্য.-১)
ফোনঃ ৫৫০০৭৫৩৭

নং ১৭.০০.০০০০.০১৫.১৮.০৬৮.২০-৫১৮ তারিখঃ ২২ সেপ্টেম্বর, ২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................................(সকল)।
৬। উপসচিব, ........................................................ (সকল)।
৮। সিনিয়র/জেলা নির্বাচন কর্মকর্তা............................. (সকল)।
৯। সিনিয়র সহকারী সচিব/উপপরিচালক......................(সংশ্লিষ্ট)।
১০। ---------------------------------------------(সংশ্লিষ্ট কর্মকর্তা)।
১১। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২-১৫। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

22-02-2022
(মোহাম্মদ শহীদুর রহমান)
সহকারী সচিব (জ.ব্য.-১)